



ইরানে স্কুলে ইসরায়েলি হামলায় নিহত শিক্ষার্থী ৫১



সংগৃহীত ছবি

ইরানের দক্ষিণাঞ্চলের মিনাব শহরে একটি বালিকা বিদ্যালয়ে ইসরায়েলের হামলায় নিহত শিক্ষার্থীর সংখ্যা বেড়ে ৫১ হয়েছে। হামলায় আরও অন্তত ৬০ জন আহত হয়েছেন।

ইরানের রাষ্ট্রীয় বার্তা সংস্থা ইসলামিক রিপাবলিক নিউজ এজেন্সি জানিয়েছে, হামলার সময় স্কুলে প্রায় ১৭০ শিক্ষার্থী উপস্থিত ছিল। এর ফলে মৃতের সংখ্যা আরও বাড়ার সম্ভাবনা রয়েছে। উদ্ধার ও উদ্ধারকারী অভিযান এখনো চলমান।

LENS ASIA